গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সংস্থাপন মন্ত্রণালয়**

**নব নিয়োগ শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ২১শে জানুয়ারী, ১৯৮৮/৬ই মাঘ, ১৩৯৪**

নং **সম/ননি/১-২/৮৭-২১**—সংস্থাপন মন্ত্রণালয়ের ৩১শে ডিসেম্বর, ১৯৮৭/১৫ই পৌষ, ১৩৯৪ তারিখের সম/ননি/১-২/৮৭-৩৯০, ৩৯১, ৩৯২ ও ৩৯৩ নম্বর প্রজ্ঞাপনসমূহের অনুবৃত্তিক্রমে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক গৃহীত বি. সি, এস, পরীক্ষা, ১৯৮৫-এর ফলাফলের ভিত্তিতে কমিশনের ১৪-১১-১৯৮৭/২৭-০৭-১৩৯৪ তারিখের সুপারিশক্রমে ৩ নং অনুচ্ছেদে বর্ণিত আরো ৫৩ জন প্রার্থীকে তাঁহাদের নামের উপরে বর্ণিত ক্যাডারের সংশ্লিষ্ট পদে ১৯৮৫ সালের সংশোধিত নতুন বেতনক্রমের টাকা **১৬৫০—১০০—২২৫০—ইবি—১১০—**৩০২০ বেতনক্রমে নিম্নলিখিত শর্তসাপেক্ষে নিয়োগ প্রদান করা হইলঃ

(ক) প্রাথমিকভাবে তাঁহাকে লোক প্রশাসন **প্রশিক্ষণ কেন্দ্রে** অথবা অন্য কোন প্রতিষ্ঠানে সরকার **নির্ধারিত** বিষয়ের উপর অন্যূন ৪ মাসের বুনিয়াদী **প্রশিক্ষণ** গ্রহণ করিতে হইবে। প্রয়োজনবোধে **সরকার এই** প্রশিক্ষণের সময়কাল বাড়াইতে বা কমাইতে **পারিবে ;**

(খ) উক্ত বুনিয়াদী প্রশিক্ষণ সমাপনান্তে **তাঁহাকে তাঁহার** চাকুরীর সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার যেরূপ **স্থির** করিবে সেরূপ পেশাগত ও বিশেষ ধরণের **প্রশিক্ষণ** গ্রহণ করিতে হইবে ;

(গ) উপরের (ক) ও (খ) উপ-অনুচ্ছেদে **উল্লিখিত** প্রশিক্ষণ সাফল্যের **সহিত সমাপনান্তে এবং বিভাগীয়** পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর যদি **শিক্ষানবিসীকাল** সন্তোষজনকভাবে অতিক্রান্ত হয় **তাহা হইলে** তাঁহাকে স্থায়ী পদে বহাল করা **হইবে ;**

(ঘ) তাঁহাকে দুই বৎসর শিক্ষানবিস হিসাবে **কাজ করিতে** হইবে। শিক্ষানবিসীকালে যদি তাঁহাকে **চাকুরীতে** বহাল রাখা অনুপযোগী বলিয়া বিবেচিত **হয় তবে** কোন কারণ দর্শানো ছাড়াই এবং **সরকারী কর্ম** কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁহাকে **চাকুরী** হইতে অপসারণ করা যাইবে ;

(ঙ) উপরের (ক) উপ-অনুচ্ছেদে **উল্লিখিত প্রশিক্ষণ** শুরু হওয়ার পূর্বে একজন জামানতদারসহ **তাঁহাকে** পাঁচ টাকা মূল্যের ষ্ট্যাম্পে **এই মর্মে একটি বন্ড** **সম্পাদন করিতে হইবে যে যদি তিনি শিক্ষানবিসী**কালে অথবা শিক্ষানবিসীকাল **উত্তীর্ণ হওয়ার** ৩ বৎসরের মধ্যে চাকুরীতে ইস্তফা **দেন তবে** প্রশিক্ষণকালে তাঁহাকে বেতন, আনুতোষিক **হিসাবে** প্রদত্ত ও তাঁহার প্রশিক্ষণের জন্য ব্যয়িত **সমুদয়** অর্থ সরকারকে ফেরৎ দিতে বাধ্য থাকিবেন ;

(চ) যদি তিনি তাঁহার ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে উপ-অনুচ্ছেদ (ঙ) মোতাবেক **সরকারের** প্রাপ্য অর্থ ফেরত না দিয়া কর্তব্যে **অনুপস্থিত থাকেন** তাহা হইলে উপ-অনুচ্ছেদ (ঙ) অনুযায়ী **তাঁহার** নিকট প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড **রিকভারী** এ্যাক্ট, ১৯১৩ (১৯১৩ সালের বেংগল এ্যাক্ট নং ৩)-এর বিধান অনুসারে আদায় করা হইবে এবং **সরকারী** কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, **১৯৮৫** মোতাবেক তাঁহার বিরুদ্ধে শাস্তিমূলক **ব্যবস্থা গ্রহণ** **করা হইবে ;**

(ছ) **তাঁহার জ্যেষ্ঠতা সরকারী বিধি মোতাবেক নির্ধারিত** **হইবে ;**

(জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে **বিবাহ করিয়া** থাকেন অথবা বিবাহ করার অংগীকারাবদ্ধ **হইয়া** থাকেন তবে এই নিয়োগ বাতিল বলিয়া **গণ্য হইবে ;**

(ঝ) এই পত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই, **এইরূপ** ক্ষেত্রে তাঁহার চাকুরী সংক্রান্ত বিষয়ে **সরকারের** প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক **ভবিষ্যতে** প্রণিতব্য বিধি ও বিধান দ্বারা তাঁহার **চাকুরী** **নিয়ন্ত্রিত হইবে ;**

(ঞ) **এই চাকুরীতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ** **ভাতা/দৈনিক ভাতা পাইবেন না।**

২। যদি উপরের শর্তাবলী তাঁহার নিকট গ্রহণযোগ্য হয়, তাহা হইলে **আগামী ১৫ই ফেব্রুয়ারী, ১৯৮৮/২রা ফাল্গুন, ১৩৯৪ পূর্বাহ্নে** অর্থ/স্বরাষ্ট্র/ডাক ও টেলিযোগাযোগ/বাণিজ্য/আইন ও বিচার/সংস্থাপন/শিক্ষা/স্বাস্থ্য মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক নির্দেশিত কর্মস্থলে, আর উক্ত মন্ত্রণালয়/বিভাগ হইতে কর্মস্থলে যোগদানের কোন নির্দেশ না পাইয়া থাকিলে উক্ত মন্ত্রণালয়ে/বিভাগে যোগদানের জন্য তাঁহাকে অনুরোধ করা হইল। নির্ধারিত তারিখে চাকুরীতে যোগদান না করিলে তিনি চাকুরীতে যোগদান করিতে সম্মত নহেন বলিয়া ধরিয়া লওয়া হইবে এবং এই নিয়োগ পত্র বাতিল বলিয়া গণ্য হইবে। ফলে পরবর্তীতে চাকুরীর জন্য তাঁহার আর কোন দাবী গ্রহণযোগ্য হইবে না।

৩।

| ক্যাডারের নাম | পদের নাম | কমিশনের সুপারিশের ক্রমিক নং। | প্রার্থীর রোল নং। | প্রার্থীর নাম |
|---|---|---|---|---|
| (ক) বাংলাদেশ সিভিল সার্ভিস (নিরীক্ষা ও হিসাব)। | সহকারী মহা-হিসাব রক্ষক (১) | ৮ | ৫৬৪৫ | মোঃ জহুরুল ইসলাম |
| (খ) বাংলাদেশ সিভিল সার্ভিস (পুলিশ)। | সহকারী পুলিশ সুপারিনটেনডেন্ট (২)। | ৭ | ৫৯০৯ | মোঃ সাইফুল আলম |
| | | ৪৬ | ২১২৪৩ | মোঃ নজরুল ইসলাম |
| (গ) বাংলাদেশ সিভিল সার্ভিস (ডাক)। | সহকারী পোষ্ট মাষ্টার জেনারেল/ একই যোগ্যতার সমমান পদ (১) | ১২ | ৭০১১ | মোঃ জাহিদ রায্যাক |
| (ঘ) বাংলাদেশ সিভিল সার্ভিস (বাণিজ্য)। | সহকারী নিয়ন্ত্রক, আমদানী ও রফতানী/একই যোগ্যতার সমমান পদ (১)। | ১ | ৫৮৮৩ | নেছার আহমদ |
| (ঙ) বাংলাদেশ সিভিল সার্ভিস (টেলিযোগাযোগ)। | সহকারী প্রকৌশলী/সহকারী বিভাগীয় প্রকৌশলী (২)। | ২৪ | ১৫১৭৫ | শাহ মোঃ আবদুস সামাদ |
| | | ৫৪ | ১৯৪৮ | মোঃ হাসান ইমাম |
| (চ) বাংলাদেশ সিভিল সার্ভিস (বিচার)। | সহকারী জজ (১) | ৩৩ | ২৬১৬ | জেসমিন আরা বেগম |
| (ছ) বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন)। | সহকারী কমিশনার (৫) | ১৬ | ২১৬০৭ | আবুল কাসেম মোহাম্মদ বোরহান উদ্দীন |
| | | ১৯০ | ১৯৭৯ | মুনীর মাহ্‌মুদ |
| | | ৩২২ | ৮৫৭১ | স্বপন কুমার খন্দকার |
| | | ৩৩৮ | ৮০১৫ | মোঃ মখলেছার রহমান সরকার |
| | | ৩৮৬ | ৭০৪৭ | মোঃ নাজমুল হাসান খাঁন |

| ক্যাডারের নাম | পদের নাম | কমিশনের সুপারিশের ক্রমিক নং। | প্রার্থীর রোল নং। | প্রার্থীর নাম |
|---|---|---|---|---|
| (জ) বাংলাদেশ সিভিল সার্ভিস (সাধারণ শিক্ষা)। | (১) প্রভাষক (সাধারণ কলেজ) (১০) | | | |
| | (হিসাব বিজ্ঞান) (১) | ৩৭ | ৭৯৬৭ | এ, কে, এম, শহীদুল্লাহ |
| | (অর্থনীতি) (৪) | ২৩ | ২২২৭৪ | বিমল চন্দ্র রায় |
| | | ৩১ | ১৩৭০৪ | ফেরদৌস আরা জামান |
| | | ৩৪ | ১৪১৮৬ | শিখা দেব |
| | | ৪৬ | ২৪৪৬৭ | মোঃ মহসীন আলী |
| | রাষ্ট্র বিজ্ঞান (১) | ২৩ | ৪৫৫২ | অজয় কুমার দাশ মহালদার |
| | রসায়ন (১) | ২২ | ১৩৭৪৬ | মোঃ হযরত আলী মিয়া |
| | উদ্ভিদ বিদ্যা (১) | ৩৬ | ১৪২৩৮ | ফারজানা সুলতানা |
| | সমাজ কল্যাণ (১) | ১৯ | ৫৮১৬ | সৈয়দা শাহানারা বেগম |
| | সমাজ বিজ্ঞান (১) | ১২ | ৪৪৭২ | খোন্দকার মোকাদ্দেম হোসেন |
| | (২) প্রভাষক (টি,টি, কলেজ) (২) | | | |
| | গ্রন্থাগার বিজ্ঞান (১) | ৩ | ১৩৫৪৮ | এস, এম, শামসুজ্জামান |
| | এথিকস্ (১) | ১ | ২৫৪১০ | নিখিল কুমার রায় |
| (ঝ) বাংলাদেশ সিভিল সার্ভিস (স্বাস্থ্য)। | সহকারী সার্জন (২৮) | ৮ | ১৩০৭৬ | ডাঃ যদু নাথ মজুমদার |
| | | ৩৮ | ১৩২৮৪ | ডাঃ মোঃ মাহমুদুল হক |
| | | ১৫১ | ১২১০৮ | ডাঃ মোঃ জহুরুল ইসলাম |
| | | ১৬৯ | ১১৭৩৫ | মোহাম্মদ নাজমুল ইসলাম |
| | | ২৩১ | ১৩৩৬৯ | মোঃ আশরাফ হোসেন তালুকদার |
| | | ২৩৬ | ১২৮৯৭ | ডাঃ রোকসানা রহমান |
| | | ২৩৯ | ১১৪৩৫ | ডাঃ মোঃ শাহ্ আলম |
| | | ৩০৬ | ১১০৮৯ | ডাঃ আহমেদ শফিকুর রহমান |
| | | ৩০৭ | ১১৭৫৫ | ডাঃ দবির উদ্দিন আহ্‌মেদ |
| | | ৩৬১ | ১১৪৩৮ | ডাঃ বিজন কুমার দাস |
| | | ৪৫৭ | ১৮৬২৭ | শাহেদা আখতার |
| | | ৪৭৭ | ১২৬২৭ | ডাঃ খালিদ রেজা |
| | | ৪৯৩ | ১৩১৪৫ | ডাঃ খন্দকার আবু আজম |
| | | ৬৩৭ | ১১৮৩২ | জিয়াউল ইসলাম |
| | | ৬৪১ | ২২৮০১ | ডাঃ এস, এম, আবদুল জলিল |
| | | ৬৬২ | ১২৪৮১ | ডাঃ মোহাম্মদ ফিরোজুর রহমান |
| | | ৬৭৬ | ৭৫৯০ | ডাঃ চয়ন সাহা রায় |
| | | ৭১২ | ২৫২৪০ | ডাঃ তরুন কান্তি ঘোষ |
| | | ৭৩২ | ১১১১৩ | মোঃ মোকতেল হোসেন |
| | | ৭৫৫ | ১২৮২৮ | রুখসানা শাহিন |
| | | ৭৬৫ | ১৩০০৬ | ডাঃ মোঃ আবদুস সালাম মিয়া |
| | | ৭৯১ | ২২৯৮৩ | ডাঃ সৈয়দ গোলাম কিবরিয়া |
| | | ৮১০ | ২৫৩০১ | ডাঃ নিনা হুমায়ূন কবীর |
| | | ৮৩০ | ১১৩৭১ | ডাঃ মোঃ মোজাফ্‌ফর হোসেন তালুকদার |
| | | ৮৪৯ | ১৩৩৫১ | ডাঃ রাম কমল চক্রবর্ত্তী |
| | | ৮৫৮ | ১১৫৭৩ | ডাঃ মোঃ শাহ আলম তালুকদার |
| | | ৮৯৯ | ১২৭৪৮ | ডাঃ মকছুদা বেগম |
| | | ৯৯১ | ১১১০৬ | আশীষ রন্জন রায় চৌধুরী |

৪। এই নিয়োগ জনস্বার্থে করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(বদিউর রহমান)
সিনিয়র সহকারী সচিব (নব নিয়োগ)।